যুগান্তর

তারিখ 19 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

# সবাই ফেল ২৫ প্রতিষ্ঠানে : পাস ৮৪৮টিতে

যুগান্তর রিপোর্ট

এবার এইচএসসি ও সমমানের পরীক্ষায় ১০ বোর্ডে ৮৪৮টি শিক্ষা প্রতিষ্ঠানের সবাই পাস করেছে। আর ২৫টি প্রতিষ্ঠান থেকে পাস করতে পারেনি কোনো পরীক্ষার্থী। বৃহস্পতিবার প্রকাশিত ফল বিশ্লেষণে এ চিত্র পাওয়া গেছে।

এবার পরীক্ষায় অংশ নেয় ৮ হাজার ৩৪৫টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। এর মধ্যে ৮৪৮টি শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ পাস করলেও এ সংখ্যা গতবারের চেয়ে কম। গতবার ১ হাজার ১৩৩টি প্রতিষ্ঠানের সবাই পাস করে। গতবার কেউ পাস করেনি এমন প্রতিষ্ঠান ছিল ৩৫টি। ঢাকা বোর্ডে

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## সবাই ফেল ২৫ প্রতিষ্ঠানে

(৩য় পৃষ্ঠার পর)

৪৩টি শিক্ষা প্রতিষ্ঠানে সবাই পাস করেছে ও ৩টিতে সবাই ফেল করেছে। রাজশাহী বোর্ডে ১৮টি শিক্ষা প্রতিষ্ঠানে সবাই পাস করেছে ও ৮টিতে সবাই ফেল করেছে। কুমিল্লায় ৮টি প্রতিষ্ঠানে সবাই পাস করেছে, সবাই ফেল করেছে এমন শিক্ষা প্রতিষ্ঠান নেই। যশোরে ১৩টি প্রতিষ্ঠানে সবাই পাস করেছে ও ১টিতে সবাই ফেল করেছে। চট্টগ্রাম বোর্ডে ৫টি প্রতিষ্ঠানে সবাই পাস করেছে, সবাই ফেল করেছে এমন প্রতিষ্ঠান নেই। বরিশাল বোর্ডে ২টি প্রতিষ্ঠানে সবাই পাস করেছে, সবাই ফেল করেছে এমন শিক্ষা প্রতিষ্ঠান নেই। সিলেট বোর্ডে ৫টি প্রতিষ্ঠানে সবাই পাস করেছে, সবাই ফেল করেছে এমন শিক্ষা প্রতিষ্ঠান নেই। এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় ৭৪ দশমিক ৭০ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। জিপিএ-৫ পেয়েছে ৫৮ হাজার ২৭৬ জন।